

নম্বর: ০৪.০০.০০০০.৪২২.৪৮.০১৪.১৬.১৪৩

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৫
০৯ আগস্ট ২০১৮

পরিপত্র

**বিষয়: মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীগণের চিকিৎসা ব্যয় পুনর্ভরণ সংক্রান্ত প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে
প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনুসৃত বিষয়াদি**

The Ministers, Ministers of State and Deputy Ministers (Remuneration and Privileges) Act, 1973 (Amended up to May 2016)-এর Section 13-এ উল্লেখিত The Special Medical Attendance Rules, 1950 অনুযায়ী মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীগণের চিকিৎসা ব্যয় পুনর্ভরণ (reimbursement) সংক্রান্ত মঞ্জুরি মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রদান করা হয়। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের চিকিৎসা ব্যয় পুনর্ভরণ সংক্রান্ত প্রেরিত প্রস্তাবে অনেক ক্ষেত্রেই অসম্পূর্ণতা থাকে এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত থাকে না। এতে প্রস্তাবটি যথাযথভাবে প্রক্রিয়াকরণ কাজ বাধাগ্রস্ত হয় এবং কার্যক্রম গ্রহণ বিলম্বিত হয়।

২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের চিকিৎসা ব্যয় পুনর্ভরণ সংক্রান্ত প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ/কাগজপত্র সংযুক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(১) প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের পত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখ করতে হবে:

- ১.১ রোগের নাম;
- ১.২ চিকিৎসা শুরু ও শেষ হওয়ার তারিখ;
- ১.৩ যে হাসপাতাল/ক্লিনিকে চিকিৎসা গ্রহণ করা হয়েছে তার পূর্ণ ঠিকানা।

(২) পত্রের সঙ্গে নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ সংযুক্ত করতে হবে:

- ২.১ চিকিৎসকের ব্যবস্থাপত্র;
- ২.২ ডাক্তারের পরামর্শ ফি, ঔষধ ক্রয়, পরীক্ষা-নিরীক্ষা ও হাসপাতাল খরচ সংক্রান্ত মূল বিল/ভাউচার (সিভিল সার্জন কর্তৃক বিল/ভাউচার প্রতীক্ষারিত হতে হবে);
- ২.৩ The Special Medical Attendance Rules, 1950-এর Rule 6(2) অনুসারে Authorised Medical Attendant-এর পরামর্শ গ্রহণ সংক্রান্ত তথ্য/প্রত্যয়ন পত্র; (Authorised Medical Attendant-এর পরামর্শ গ্রহণ করা না হলে সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত প্রত্যয়নপত্র প্রদান করতে হবে);
- ২.৪ বিদেশে চিকিৎসা গ্রহণের ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত সারসংক্ষেপের সত্যায়িত কপি;
- ২.৫ বৈদেশিক মুদ্রায় চিকিৎসা বিল প্রদান করা হলে তারিখ অনুযায়ী বৈদেশিক মুদ্রার Bank Conversion Rate-এর প্রমাণপত্র;




চলমান

২.৬ নিম্নোক্ত ছকে সম্পূর্ণ চিকিৎসার ব্যয় বিবরণী (তারিখের ক্রমানুযায়ী):

ক্রম	ভাউচার নম্বর ও তারিখ	ভাউচারের বিবরণ (কোন প্রতিষ্ঠানের ভাউচার এবং কোন্ খাতের ব্যয় যেমন- হাসপাতাল, ঔষধ ক্রয়, ইত্যাদি বিল উল্লেখ করতে হবে)	প্রদেয় অর্থ	বৈদেশিক মুদ্রায় প্রদান করা হলে Bank Conversion Rate	টাকার পরিমাণ
১	২	৩	৪	৫	৬
১.					

৩। প্রতি অর্থ-বছরের চিকিৎসা ব্যয় পুনর্ভরণ সংক্রান্ত প্রস্তাব (২ সেট) উক্ত অর্থ-বছরের ১৫ মে তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৪। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের চিকিৎসা ব্যয় পুনর্ভরণ সংক্রান্ত কোনো বিষয়ে ব্যাখ্যা কিংবা স্পষ্টীকরণের প্রয়োজন হলে মন্ত্রিপরিষদ বিভাগের মন্ত্রিসেবা অধিশাখায় যোগাযোগ করা যেতে পারে।


(মোছা: মোর্শেদা ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৬০১২৬

E-mail : mss_sec@cabinet.gov.bd

বিতরণ:

১। সিনিয়র সচিব/সচিব-----মন্ত্রণালয়/বিভাগ (সকল)

২। মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীগণের একান্ত সচিব-----মন্ত্রণালয়/বিভাগ (সকল)